দৈনিক বাংলা

তারিখ ২০/৪/৭৪
পৃষ্ঠা ... কলাম ...

160



# উপজাতীয় সাংস্কৃতিক ইনষ্টিটিউটের পরিচালক পদে আবদুস সাত্তার

বিশিষ্ট কবি, গবেষক ও নৃতত্ত্ব-বিদ জনাব আবদুস সাত্তার রাঙ্গামাটিতে ট্রাইবাল কালচারাল ইনস্টিটিউটের পরিচালক নিযুক্ত হয়েছেন।

সাহিত্যের স্বীকৃতিস্বরূপ ১৯৬৬ সালে তিনি উপজাতীয় গবেষণা গ্রন্থ 'আরণ্য জনপদে'র জন্য দাউদ সাহিত্য পুরস্কার এবং ১৯৭৫ সালে বাংলা একাডেমী সাহিত্য পুরস্কার লাভ করেন। সাহিত্যের বিভিন্ন শাখায় আজ পর্যন্ত তাঁর প্রকাশিত গ্রন্থের সংখ্যা ৩৯টি। এর মধ্যে উপজাতীয় গবেষণা গ্রন্থ ১১টি। ইংরেজী ভাষায় লিখিত 'ইন দ্য সিলভ্যান স্যাডোস', 'ট্রাইবাল কালচার ইন বাংলাদেশ', 'দি সোয়াং অব সীডস', 'দি মুরংস' প্রভৃতি গ্রন্থ তাঁকে আন্তর্জাতিক স্বীকৃতি দান করেছে। তাঁর কয়েকটি গ্রন্থ বাংলাদেশসহ বহির্বিশ্বের বহু বিশ্ববিদ্যালয়ে পাঠ্য তালিকাভুক্ত। তাছাড়া তাঁর রচনা কয়েকটি আন্তর্জাতিক ভাষায় অনূদিত হয়েছে।

এর আগে জনাব আবদুস সাত্তার বাংলাদেশ সরকারের তথ্য ও বেতার মন্ত্রণালয়ের চলচ্চিত্র ও প্রকাশনা বিভাগের সম্পাদক পদে নিয়োজিত ছিলেন।